

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৪৬ - কাষীউল কুষাত [মহা বিচারক] প্রভৃতি নামকরণ প্রসংগে

১। আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত সহীহ হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, إن أخنع اسم عند الله رجل تسمى ملك الأملاك، لا مالك إلا الله.

''আল্ল**াহ তাআলার কাছে ঐ ব্যক্তির নাম সবচে**য়ে নিকৃষ্ট, যার নামকরণ করা হয় 'রাজাধিরাজ' বা 'প্রভূর প্রভূ'। আল্ল**াহ ব্যতীত কোন প্রভূ নেই''। (বুখারি**)

সুফিয়ান সওরী বলেছেন, 'রাজাধিরাজ' কথাটি 'শাহানশাহ' এর মতই একটি নাম। আরো একটি বর্ণনা মতে রাসূল সাল্ল**াল্লা**হু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছন-

أغيظ رجل على الله يوم القيامة وأخبيه

"কেয়ামতের দিন আল্ল**াহর কাছে সবচেয়ে নিকৃষ্ট এবং খারাপ ব্যক্তি হচ্ছে [যার নামকরণ করা হচ্ছে** রাজাধিরাজ]'। উল্লেখিত হাদীসে أَخْنَاع শব্দের অর্থ হচ্ছে সবচেয়ে নিকৃষ্ট।

- এ অধ্যায় থেকে নিম্নোক্ত বিষয়গুলো জানা যায়.
- ১। 'রাজাধিরাজ' নামকরণের প্রতি নিষেধাজ্ঞা।
- ২। 'রাজাধিরাজ' এর অর্থ সুফিয়ান সওরী কর্তৃক বর্ণিত 'শাহানশাহ' এর অর্থের অনুরূপ।
- ৩। বর্ণিত ব্যাপারে এবং এ জাতীয় বিষয়ে সাবধানতা অবলম্বন করা। এক্ষেত্রে অন্তরে কি নিয়ত আছে তা বিবেচ্য নয়।
- ৪। বুদ্ধিমত্তা ও বিচক্ষণতা সবই আল্ল**া**হর উদ্দেশ্যে হওয়া বাঞ্ছনীয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5122

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন